

কোর্টে (‘আদালাতে) ওকালতির কাজ করতে যেয়ে একজন আইনজীবীকে কখনো মন্দের পক্ষাবলম্বন করতে হয়, মন্দকে সাহায্য করতে হয়...

প্রশ্ন:- কোর্টে (‘আদালাতে) ওকালতির কাজ করতে যেয়ে একজন আইনজীবীকে কখনো মন্দের পক্ষাবলম্বন করতে হয়, মন্দকে সাহায্য করতে হয়। অপরাধীর পক্ষের আইনজীবীকে- তার মক্কেল অপরাধী, এটা জেনে-শুনেও তার সাফাই গাইতে হয়। প্রশ্ন হলো- এ ধরনের কাজ করে একজন আইনজীবী যা উপার্জন করেন, সেটা কি হারাম ? আইনজীবী হিসেবে কাজ করার জন্য ইছলামে কি কোনরূপ শর্ত রয়েছে?

উত্তর:- অন্যায় ও মন্দকে আশ্রয়-প্রশ্রয় দেয়া অত্যন্ত খারাপ কাজ (একজন অপরাধীকে অপরাধী জানা সত্ত্বেও তার সাফাই গাওয়া চরম মিথ্যাচার ব্যতীত কিছুই নয়। অথচ মিথ্যাচার হলো অন্যতম কাবীরাহ গুনাহ)। তাই মন্দকে আশ্রয়-প্রশ্রয় দানের কিংবা মিথ্যাচারের মাধ্যমে উপার্জিত অর্থ অবশ্যই হারাম। কোরআনে কারীমে আল্লাহ ﷺ ইরশাদ করেছেন:-

وَلَا تَعَاوَنُوا عَلَى الْإِثْمِ وَالْعُدْوَانِ.^১

অর্থাৎ- এবং তোমরা পাপ ও সীমালংঘনের কাজে এক অপরকে সহযোগিতা করো না।^২ পক্ষান্তরে যদি ভালো ও কল্যাণ সংরক্ষণের জন্য এবং ন্যায় ও সত্যকে সাহায্যের জন্য ওকালতি করা হয়, তাহলে এটা অবশ্যই আবশ্যিকীয় ও প্রশংসিত কাজ (সুতরাং এর দ্বারা উপার্জিত অর্থ হালাল)। কোরআনে কারীমে আল্লাহ ﷺ ইরশাদ করেছেন:-

وَتَعَاوَنُوا عَلَى الْبِرِّ وَالتَّقْوَىٰ وَلَا تَعَاوَنُوا عَلَى الْإِثْمِ وَالْعُدْوَانِ.^৩

অর্থাৎ- এবং তোমরা ভালো ও আল্লাহ ভীরুতার কাজে পরস্পর সহযোগিতা করো এবং তোমরা পাপ ও সীমালংঘনের কাজে এক অপরকে সহযোগিতা করো না।^৪

সূত্র:- মাজমূ‘উল ফাতাওয়া লিশ্শাইখ ‘আব্দুল ‘আযীয ইবনু ‘আব্দিল্লাহ ইবনু বায رحمته الله।

১. سورة المائدة- ২

২. ছুরা আল মা-য়িদাহ- ২

৩. سورة المائدة- ২

৪. ছুরা আল মা-য়িদাহ- ২